কালের কণ্ঠ

তারিখ ..29 NOV..2017.....
পৃষ্ঠা ..১৮.. কলাম..২.........

# কেরানীগঞ্জে পিইসি পরীক্ষার খাতা খোয়া

**কেরানীগঞ্জ (ঢাকা) প্রতিনিধি ▷**

কেরানীগঞ্জের রুহিতপুরে একটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের অবহেলায় পিইসি চূড়ান্ত পরীক্ষার ১০০ খাতা খোয়া গেছে। এ বিষয়ে কেরানীগঞ্জ মডেল থানায় অভিযোগ জানানো হয়েছে।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, গত শনিবার পিইসি পরীক্ষার্থীদের বাংলাদেশ ও বিশ্বপরিচয় পরীক্ষা ছিল। অন্য একটি উপজেলা থেকে পরীক্ষার খাতা দেখার জন্য আসে কেরানীগঞ্জে। উপজেলার বলসুতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ও প্রধান পরীক্ষক জেবুন নাহারের কাছ থেকে ২০০ খাতা দেওয়া হয় রুহিতপুর ইউনিয়নের ১০ নম্বর ধর্শগুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা শাহিনা আক্তারকে। সেখানকার ১০০ খাতা বিদ্যালয়ের দপ্তরির বাড়ি থেকে সোমবার লোপাট হয়। বিদ্যালয়ের দপ্তরি সুজন বলেন, 'দীর্ঘদিন ধরে আমাদের পৈতৃক সম্পত্তি নিয়ে ওয়ারিশদের সঙ্গে বিবাদ চলছিল। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শাহিনা আক্তার পিইসি পরীক্ষার বাংলাদেশ ও বিশ্বপরিচয়ের ১০০ খাতা আমার কাছে দেন। সোমবার ওই খাতাসহ বিভিন্ন জিনিস লুটপাট করে নিয়ে যায় প্রতিপক্ষের লোকজন।'

তবে ১০ নম্বর ধর্শগুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা শাহিনা আক্তারের মোবাইল ফোনে জানতে চাইলে তিনি বিষয়টি জানেন না বলে ফোন কেটে দেন। এ বিষয়ে খবর নিতে গিয়ে উপজেলা শিক্ষা অফিসে দেখা হয় ওই বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি মো. জজ মিয়ার সঙ্গে। তাঁর কাছে খাতা লোপাট হওয়ার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, 'বিষয়টি আমরা সোমবার রাতেই জেনেছি। শাহিনা আপাকে নিয়ে ঘটনাস্থলে গিয়েছিলাম। এ বিষয়ে মঙ্গলবার সন্ধ্যায় শাহিনা আপা বাদী হয়ে কেরানীগঞ্জ মডেল থানায় অভিযোগ জানিয়েছেন।'

উপজেলা শিক্ষা কর্মকর্তা মাজেদা সুলতানা বলেন, 'বিষয়টি আমার জানা ছিল না। সাংবাদিকদের মাধ্যমে জেনেছি। ঘটনা তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।'